Acc. No. Shelf No.

Title Sri Vaisnav Sandarbha

SubTitle

4th vol, 1st & 2nd issues

Role | Author | Editor | Comment. | Transl. | Compiler |

Edition

Publisher

Place Year Ind.Yr.

1920

Lang. Sanskrit Script Bengali

Subject

P.T.C

শ্রীগুরবে নমঃ।

REG. No.—A 232.

শ্রীবৈষ্ণবসন্দর্ভ

মাসিক পত্র ও সমালোচন।

৪র্থ খণ্ড। শ্রাবণ, ভাদ্র। ১ম—২য় সংখ্যা।

সন ১৩১৩ সাল।

সূচী।

শ্রীনবদ্বীপনিবাসি শ্রীযুক্ত পণ্ডিত শচীনন্দন গোস্বামি ভক্তিরত্ন কর্ত্তৃক অনূদিত।

শ্রীধাম বৃন্দাবন।

শ্রীদেবকীনন্দন যন্ত্রে

শ্রীনিত্যস্বরূপ ব্রহ্মচারি কর্ত্তৃক মুদ্রিত।

অগ্রিম বার্ষিক মূল্য ১।০ পাঁচ সিকা। শ্রীচৈতন্যাব্দ ৪২১। প্রতি সংখ্যা ৵১০।

শ্রীবোপদেব বিরচিতা

শ্রীহরিলীলা।

শ্রীহেমাদ্রি কৃত হরিলীলা বিবেক টীকা সহিত।

এতদিন এই গ্রন্থ দুর্লভ ছিল, আমরা বহু আয়াসে গ্রন্থ সংগ্রহ করিয়া প্রকাশিত করিলাম। ইহা সমগ্র শ্রীমদ্ভাগবতের সূচী। সম্পূর্ণ গ্রন্থের মূল্য ।০ আট আনা, ভিঃ পিঃ তে লইলে ।৵০ দশ আনা।

বৈষ্ণব-দাসানুদাস—
শ্রীনিত্যস্বরূপ ব্রহ্মচারী।
শ্রীবৃন্দাবন।

শ্রীরামানুজ মুনি প্রণীত বেদান্তসূত্রের ভাষ্য

বেদান্তসার

দেবনাগরী অক্ষরে মুদ্রিত হইয়াছে। মূল্য ১॥০ টাকা, ডামাঃ ৵০ আনা।

শ্রীনিম্বার্ক সম্প্রদায়ের ভাষ্যত্রয় অর্থাৎ শ্রীনিম্বাদিত্য স্বামি প্রণীত "পারিজাতভাষ্য" শ্রীনিবাসাচার্য্য প্রণীত "বেদান্ত কৌস্তভ"

—এবং—

মহামহোপাধ্যায় দিগ্বিজয়ী পণ্ডিত কেশবকাশ্মিরী প্রণীত "বেদান্তকৌস্তভ প্রভা"

ব্রহ্মসূত্র

দেবনাগরী অক্ষরে সম্বলিত প্রকাশিত হইয়াছে।

সম্পূর্ণ গ্রন্থ প্রকাশিত হইয়াছে। মূল্য ৫৲ টাকা মাত্র, ডাক মাশুল স্বতন্ত্র।

শ্রীব্রজমণ্ডল পরিক্রমা।

চৌরাশী ক্রোশ শ্রীব্রজমণ্ডলস্থ "শ্রীকৃষ্ণের যাবতীয় লীলামাহাত্ম্য ও তীর্থমাহাত্ম্য" সরল বঙ্গভাষায় পদ্যে অনুবাদিত। মূল্য ⁄১০ দেড় আনা মাত্র।

শ্রীনিত্যস্বরূপ ব্রহ্মচারী
শ্রীদেবকীনন্দন প্রেস,—শ্রীবৃন্দাবন।

শ্রীগুরবে নমঃ।



শ্রীগৌরচন্দ্র।

(১)

বিহরে আজু রসিক-রাজ
গৌরচন্দ্র নদীয়া মাঝ
কুঞ্জ কেশরপুঞ্জ উজোর
কনক-রুচির-কাঁতিয়া।

কোটি কাম রূপ-ধাম
ভুবনমোহন লাবনী ঠাম
হেরত জগত যুবতি উমতি
ধৈরজ ধরম তেজিয়া॥

অসীম পূর্ণিমা-শরদ-চন্দ
কিরণ মদন বদন-ছন্দ
কুন্দ-কুসুম নিন্দি সুষম
মঞ্জু বসন-পাঁতিয়া।

বিম্ব অধরে মধুর হাসি,
বরই কতহিঁ অমিয়া রাশি
মধুই সীধু-নিকরে নিঝরে
বচন ঐছন ভাতিয়া

মধুর বরজ-বিপিন-কুঞ্জ
মধুর পিরীতি আরতি-পুঞ্জ
সোঙরি সোঙরি অধিক অবশ
মুগধ দিবশ রাতিয়া।

আবেশে অবশ অলস ধন্দ
চলত চলত খলত মন্দ
পতিত কোর পড়ত ভোর
নিবিড় আনন্দে মাতিয়া॥

অরুণ নয়ানে করুণ চাই
সঘনে জপয়ে রাই রাই
নটত উমত লুঠত ভ্রমত
ফুটত মরম ছাতিয়া।

উত্তম মধ্যম অধম জীব
সবহুঁ প্রেম-অমিয় পিব
তহিঁ বলরাম বঞ্চিত একলে
সাধু-ঠামে অপরাধিয়া॥

---

(২)

গোরা মোর দয়ার অবধি গুণনিধি।
সুরধুনী-তীরে নদীয়া নগরে
গৌরাঙ্গ বিহরে নিরবধি।

ভুজযুগ আরোপিয়া ভকতের কান্ধে।
চলিতে না পারে গোরা হরিবোল বলি কান্দে॥
প্রেমে ছল্ ছল নয়নযুগল
বহে নদী বহে ধারে।

পুলকে পূরল সব কলেবর
ধরণী ধরিতে নারে॥
সঙ্গে পারিষদ ফিরে নিরন্তর
হরি হরি বোল বলে।
সখার কান্ধে ভুজযুগ দিয়া
হেলিতে ছুলিতে চলে॥
ভুবন ভরিয়া প্রেম বিতরিল
পতিত পাবন নাম।
শুনিয়া ভরসা পরমানন্দের
মনেতে না লয় আন॥

শ্রীবৈষ্ণব-সন্দর্ভ।

"ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্ম্মমোর্জ্জিতা॥"

বিবিধ।

কীর্ত্তন। সুবিখ্যাত প্রভুপাদ ৺শ্রীল নীলমনি গোস্বামী মহাশয়ের পুত্র শ্রীযুক্ত গৌর গোপাল গোস্বামী প্রভুপাদ ৺শ্রীল গোবিন্দ জীউর মন্দিরে এক দিবস দানলীলা কীর্ত্তন করিয়া শ্রোতৃ মণ্ডলিকে বিশেষরূপে আনন্দিত করিয়াছেন। প্রভুপাদ কীর্ত্তন গানে অধিকতর নিপুণতা লাভ করিয়া ভক্তগণের হৃদয়ে লীলা স্রোত প্রবাহিত করুন, ইহা সকলেরই প্রার্থনা। কীর্ত্তনে যেরূপ লীলা প্রত্যক্ষীভূত হয় আর কোন উপায়ে সেরূপ লীলা অনুভূত হয় না।

মধুর বরজ-বিপিন-কুঞ্জ
মধুর পিরীতি আরতি-পুঞ্জ
সোঙরি সোঙরি অধিক অবশ
মুগধ দিবশ রাতিয়া।

আবেশে অবশ অলস ধন্দ
চলত চলত খলত মন্দ
পতিত কোর পড়ত ভোর
নিবিড় আনন্দে মাতিয়া॥

অরুণ নয়ানে করুণ চাই
সঘনে জপয়ে রাই রাই
নটত উমত লুঠত ভ্রমত
ফুটত মরম ছাতিয়া।

উত্তম মধ্যম অধম জীব
সবহুঁ প্রেম-অমিয় পিব
তহিঁ বলরাম বঞ্চিত একলে
সাধু-ঠামে অপরাধিয়া॥

---

(২)

গোরা মোর দয়ার অবধি গুণনিধি।
সুরধুনী-তীরে নদীয়া নগরে
গৌরাঙ্গ বিহরে নিরবধি।

ভুজযুগ আরোপিয়া ভকতের কান্ধে।
চলিতে না পারে গোরা হরিবোল বলি কান্দে॥
প্রেমে ছল্ ছল নয়নযুগল
[illegible]ত নদী বহে ধারে।

পুলকে পূরল সব কলেবর
ধরণী ধরিতে নারে॥
সঙ্গে পারিষদ ফিরে নিরন্তর
হরি হরি বোল বলে।
সখার কান্ধে ভুজযুগ দিয়া
হেলিতে দুলিতে চলে॥
ভুবন ভরিয়া প্রেম বিতরিল
পতিত পাবন নাম।
শুনিয়া ভরসা পরমানন্দের
মনেতে না লয় আন॥

শ্রীবৈষ্ণব-সন্দর্ভ।

"ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা॥"

বিবিধ।

কীর্ত্তন। সুবিখ্যাত প্রভুপাদ ৺শ্রীল নীলমনি গোস্বামী মহাশয়ের পুত্র শ্রীযুক্ত গৌর গোপাল গোস্বামী প্রভুপাদ ৺শ্রীল গোবিন্দ জীউর মন্দিরে এক দিবস দানলীলা কীর্ত্তন করিয়া শ্রোতৃ মণ্ডলিকে বিশেষরূপে আনন্দিত করিয়াছেন। প্রভুপাদ কীর্ত্তন গানে অধিকতর নিপুণতা লাভ করিয়া ভক্তগণের হৃদয়ে লীলা স্রোত প্রবাহিত করুন, ইহা সকলেরই প্রার্থনা। কীর্ত্তনে যেরূপ লীলা প্রত্যক্ষীভূত হয় আর কোন উপায়ে সেরূপ লীলা অনুভূত হয় না।

শোক সংবাদ। আজ কয়েক দিবস অতীত হইল শ্রীঅদ্বৈত বংশ্য পূজ্যপাদ শ্রীযুক্তেশ্বর গগন চন্দ্র গোস্বামী প্রভুপাদের কনিষ্ঠ পুত্র রামানন্দ গোস্বামী সন্ধ্যাকালে ব্রহ্মকুণ্ড তীরে বালকগণের সহিত ক্রীড়া করিতে করিতে জলে নিমগ্ন হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছেন। শ্রীভগবানের নিকট প্রার্থনা যে শোক সন্তপ্ত পিতামাতার হৃদয়ে শান্তি প্রদান করুন।

ব্রজ-পরিক্রমা। ভাদ্র কৃষ্ণা দশমী ব্রজ পরিক্রমার আরম্ভ দিবস। শ্রীমন্মহাপ্রভু এই সময়ে শ্রীধামে শুভাগমন করিয়া ব্রজকানন পরিভ্রমণ করিয়াছিলেন। সেই সময় তাঁহার প্রেমসমুদ্র কোটীগুণ উথলিয়া উঠিয়াছিল। সেই প্রেমের স্মরণই এই পরিক্রমার প্রাণ। শুক্লা দশমীর দিবস পরিক্রমণকারিগণ কুশলে প্রত্যাবর্ত্তন করিয়াছেন।

শুভ অন্নপ্রাসন। শ্রীল রাজর্ষি-তনয় শ্রীমান ক্ষিতীশ ভূষণের পুত্রের শুভ অন্নপ্রাসন উৎসব সুচারুরূপে নির্ব্বাহ হইয়া গিয়াছে। যে কোন অনুষ্ঠানই হউক না কেন ভক্ত গৃহে হইলে তাহার মাধুর্য্য অবশ্য বর্ণনীয়। ভক্তের গার্হস্থ্য অনুষ্ঠান উপলক্ষেও ভক্ত সম্মিলন দর্শন, কৃষ্ণকথা শ্রবণ, কৃষ্ণপ্রসাদ সেবন, শ্রীবিগ্রহ দর্শন ইত্যাদি পরমার্থ লাভ ঘটিয়া থাকে। শ্রীকৃষ্ণভক্তিই জীবের সার সম্পত্তি। শ্রীকৃষ্ণ ভক্তির যোগে সমস্তই মধুময়।

বক্তৃতা। ১২ ই ভাদ্র, মান্যবর শ্রীযুক্ত কেদার নাথ দত্ত ভক্তিবিনোদ মহাশয় ৺শ্রীলালাবাবু সেবিত ৺শ্রীকৃষ্ণচন্দ্রের মন্দিরে 'ভক্তি' বিষয়ক বক্তৃতা দিয়াছেন। পূজ্যপাদ শ্রীল মধুসূদন গোস্বামি মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সভাপতি এবং শ্রোতৃমণ্ডলী শ্রীধামবাসী, বক্তা শ্রীগৌড়দেশবাসী; শ্রীধামবাসী এবং শ্রীগৌড়দেশবাসীর সম্মিলনে যে শ্রীকৃষ্ণ ভক্তি বিষয়ে ইষ্ট-গোষ্ঠী হইবে, ইহাতে আর বিচিত্র কি?

শ্রীযমুনা। এই বৎসর বর্ষাপ্লাবনে শ্রীযমুনার সৌন্দর্য্য-দর্শন অতি অপরূপ এবং অনুপম। বিগত ৭।৮ বৎসরের মধ্যে যমুনার এরূপ প্রসার দৃষ্ট হয় নাই। আমাদের পাঠকগণকে যমুনার অবস্থা প্রায়ই জানাইয়া থাকি। শ্রীবৃন্দাবনের উত্তর দিকে যমুনা প্রবাহিতা ছিলেন। পশ্চিমে কালিদহ শ্রীমদনমোহন জীউর মন্দির হইতে পূর্ব্বে টিকারীর মন্দির পর্য্যন্ত শ্রীযমুনা, যুগলঘাট, আঁধারঘাট, শৃঙ্গারবটঘাট, গোবিন্দঘাট, চীরঘাট, ভ্রমরঘাট, কেশীঘাট, ধীরসমীরঘাট, বংশীবটঘাট, যমুনাপুলিন বিধৌত পূর্ব্বক পূর্ব্ব দক্ষিণ বাহিনী হইয়া মথুরায় প্রবেশ করিতেন। এখন কেশীঘাট হইতে শ্রীযমুনার স্পর্শন সম্পাদিত হয়। কেশীঘাট হইতে কালিদহ অর্দ্ধক্রোশ অন্তর হইবে। কালিদহ হইতে যমুনার দূরত্ব এক ক্রোশ এবং ভ্রমর ঘাট হইতে এক চতুর্থাংশ ক্রোশ উত্তরে। এইবার বর্ষায় কালিদহ পর্য্যন্ত কালিন্দী প্রসারিতা, আবার এদিকে প্রসিদ্ধ যমুনা পুলিনে পর্য্যন্ত শ্রীধামবাসিগণ স্নানকার্য্য সমাপন করিয়াছেন। পর্ব্বতাঞ্চলে প্রচুর বারিপাত হেতু যমুনার এই শ্রীবৃদ্ধি সকলের বড় আনন্দ বিধান করিয়াছেন। এদিকে স্ফীত হৃদয়া গর্ব্বিনী যৌবনবতী বাউরীর ন্যায় যমুনা অতীব দ্রুতগামিনী। সম্প্রতি যমুনার কোন বেশভূষা নাই। সেই নীল পট্টশাটী নাই, সেই সুধাকর-কিরণ-প্রদত্ত বৈদূর্য্যমণিময় অলঙ্কার নাই, সেই শ্যামলপাদপরাজি-প্রতিবিম্ব-ঘটিত বিচিত্র বেণী নাই, সেই স্বচ্ছ দর্পণ সদৃশ অঙ্গ মাধুরী নাই, সেই গূঢ় রসভার মতিত্বের পরিচয় নাই। যমুনা এখন গৈরিকবসনা, আভরণ বিহীনা, এলোকেশী, ফেন ঘর্ম্মাক্ত, প্রেমসঙ্গোপনে অক্ষম হইয়া কল কল নাদচ্ছলে বকিতে বকিতে কোথায় যাইতেছে। প্রয়াগে শ্রীসুরধুনী পাগলিনী দেখিয়া বড় ভাল-বাসিল, হৃদয়ের মধ্যে লইয়া নাচিতে নাচিতে পাগলিনীকে নবদ্বীপে লইয়া ছাড়িয়া দিল। পাগলিনী জাহ্নবীকে কহিল ভগিনি! তুমি আমাকে বড় রক্ষা করিয়াছ, তুমি আমার চির ভগিনী, তুমি আমার সই, তোমায় আমি ছাড়িব না, এই বলিয়া যমুনা গঙ্গাকে গাঢ় আলিঙ্গন করিলেন, গঙ্গা প্রেমে অবশ হইয়া দিদিকে আত্ম সমর্পণ করিল।

স্বদেশী শিল্প প্রদর্শনী। কেশীঘাট হাথরস রাজবাটীতে রাজা মহেন্দ্র প্রতাপ সিংহ বাহাদুর স্বদেশী শিল্প উন্নতি কল্পে তাঁহার নিজ প্রাসাদে কেবলমাত্র মথুরা জেলার কারিগর নির্ম্মিত শিল্প প্রদর্শনী খুলিয়াছিলেন। রাজা বাহাদুরের সুযোগ্য প্রাইভেট্ সেক্রেটারী শ্রীমান্ রঘুবর দয়াল বি, এ, মহাশয়ের সুব্যবস্থায় প্রদর্শনী সুন্দররূপে সজ্জিত হইয়াছিল। শ্রীযুক্ত পণ্ডিত বালকৃষ্ণ গোস্বামী মহারাজের ঝুলনযাত্রা চিত্র বিশেষ উল্লেখ যোগ্য। শ্রীযুক্ত পণ্ডিত রাধাকৃষ্ণ গোস্বামী মহারাজের পত্নী শ্রীমতি—প্রদর্শনীতে স্বহস্ত নির্ম্মিত দুইখানি উত্তম আসন প্রেরণ করিয়াছিলেন। শ্রীধাম বৃন্দাবনের "স্বদেশী শিল্প নিকতনের" স্বদেশী তাঁত ও তাঁতের বস্ত্র প্রদর্শিত হইয়াছিল। প্রাতঃকালে সুপ্রসিদ্ধ পণ্ডিত সুদর্শন শাস্ত্রীজী মহারাজ ও পণ্ডিত লক্ষ্মণাচার্য্যের অধ্যক্ষতায় শ্রীলক্ষ্মীরঙ্গজীর বিদ্যালয়ের ছাত্রগণের ব্যাকরণ, সাহিত্য, ন্যায়, বেদান্ত শাস্ত্রের পরীক্ষা গ্রহণ করা হইয়াছিল। বিগত ভাদ্র শুক্ল পঞ্চমীর দিবস কারিগর ও বিদ্যার্থী পণ্ডিতগণের পুরস্কার প্রদান করা হইয়াছিল। পণ্ডিতগণকে এক এক জোড়া শাল, বেনারসী চাদর ও একটী পাগড়ী প্রদান করা হইয়াছে। পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণ বেনারসী চাদর ও পাগড়ী প্রাপ্ত হইয়াছেন এবং স্বদেশী শিল্প নিকেতনের অধ্যক্ষকে এক জোড়া শাল ও একটী সুন্দর যষ্ঠি প্রদান করিয়াছেন। অন্যান্য কারিগরদিগকে যাতায়াত ভাড়া ও দ্রব্যের উপযোগিতানুসারে ১৲ টাকা হইতে ৭৲ টাকা পর্য্যন্ত প্রদান করিয়াছেন। বিদায়ের দিন রাজা বাহাদুর একটী সুন্দর সারগর্ভ বক্তৃতা দ্বারা উপস্থিত পণ্ডিত ও ভদ্রমণ্ডলী ও কারিগরদিগের মনোরঞ্জন করিয়াছিলেন। আগামী বর্ষে রাজাবাহাদুর শিল্প প্রদর্শনী খুলিবেন; আমরা শ্রীভগবানের নিকটে রাজাবাহাদুরের দীর্ঘজীবন ও স্বদেশ হিতৈষিতার জন্য সুমতি প্রার্থনা করি।

মহোৎসব। আমাদের প্রাতঃস্মরণীয় 'যুগল উজ্জ্বলময় তনু' শ্রীপাদরূপ গোস্বামিজীর তিরোভাব দিবস উপলক্ষে শ্রাবণী শুক্লা দ্বাদশীর দিবস ৺শ্রীরাধাদামোদর জীউর মন্দিরে যথারীতি উৎসব সম্পন্ন হইয়াছে।

শ্রীরূপ গোস্বামীর নাম বৈষ্ণবজগতে কে না জানে? কলিযুগ

পাবন। পরমকারুণিক শ্রীমন্মহাপ্রভুর প্রাণাধিক প্রিয়, উজ্জলরস-মহিমা বিস্তার পটু, অদ্ভুত বৈরাগ্য-জীবনের চূড়ান্ত আদর্শ, মধুর শ্রীব্রজ-লীলায় শ্রীযুগলকিশোর মিলন-দক্ষ সেবাপরা পরমপ্রীতিভাজন শ্রীরূপাখ্য কিঙ্করী—শ্রীরূপগোস্বামীর নাম শ্রবণে বৈষ্ণব-জগতে কাহার না প্রাণ পুলকিত হয়? শ্রীমন্মহাপ্রভুর অতি গূঢ় মনোভাব প্রেমের বিচিত্র প্রভাব-বলে যাঁহার প্রতিক্ষণে হৃদ্গত, তাঁহার সৌভাগ্য মহিমা কীর্ত্তন করিতে কাহার না লেখনী নাচিয়া উঠে? শ্রীব্রজবিনোদবিনোদিনীর প্রেম সেবা রাজ্যের অদ্বিতীয়া অধীশ্বরী নব নব রসভারাক্রান্তা মতি সম্পন্না, অনুপমা রূপগুণ লাবণ্যবতী শ্রীরূপ মঞ্জরী বৈষ্ণবগণের সারসিক স্মরণের কেন্দ্র স্বরূপ। তদীয় তিরোভাব দিবসে মর্ম্মভেদী তীক্ষ্ণ বিরহবাণ বিদ্ধ শ্রীদাস গোস্বামীর সেই শোকাবস্থা স্মরণে আমাদের পাষাণহৃদয় কি গলিবে না? হায়! সেই তীব্র শোকানলশিখার এককণও বুঝি আমরা সহ্য করিতে অযোগ্য। অথবা হৃদয় শ্রীগৌরপ্রেমময় না হইলে বুঝি সেই অপূর্ব্ব শোক আমাদের অনুভবগম্য হইতে পারে না। তাঁহারা ধন্য যাঁহারা গৌর পার্ষদের সুখে সুখ, দুঃখে দুঃখ অনুভব ব্যতীত আর কিছু অনুভব করেন না।

ভাদ্র, শুক্লা চতুর্দ্দশী শ্রীমন্মহাপ্রভুর শ্রেষ্ঠ পরিকর শ্রীহরিদাস ঠাকুরের তিরোভাব দিবস। উক্ত বাসরে শ্রীপুরুষোত্তমক্ষেত্রে সিদ্ধ বকুলতলায় তদীয় বিরহ মহোৎসব সম্পাদিত হইয়া থাকে। সমুদ্র তীরবর্ত্তী শ্রীহরি-দাসের সমাধি স্থান সমীপবর্ত্তী হইবামাত্র অদ্যাপিও স্বতঃই হৃদয়ে নামের প্রতিধ্বনি হইতে থাকে।

"যাঁহার দর্শনে মুখে আইসে কৃষ্ণ নাম"—শ্রীহরিদাস দর্শনে বারনারী সর্ব্বত্যাগী শ্রীকৃষ্ণ নামগ্রহণ মহাব্রত গ্রহণ করিয়া কৃতার্থ হইল। পরম ভক্ত দৈন্যের খনি, বৈষ্ণব-হৃদয়-মনি সেই হরিদাসের অমৃতময় চরিত্র-স্মরণ মাত্র পাপ কলুষিত চিত্ত যে নির্ম্মল হইবে ইহাতে আর সন্দেহ কি? গৌর গণের গুণে কাহার না হৃদয় বিগলিত হয়? প্রত্যেক পার্ষদের নিকট শ্রীগৌরাঙ্গ স্বয়ং বিক্রীত।

সেই দিন—হরিদাসের সেই অপ্রকটের দিন—যেদিন ভক্ত মুকুটমণি হরিদাস বৈষ্ণবচরণরেণু ভূষণে অলঙ্কৃত হইয়া সকলের কৃপা ভিক্ষা গ্রহণ

পুরঃসর বিদায় চাহিতেছেন, সেই দিন, যে দিন প্রেম বিকম্পিত কলেবর হরিদাস আপনার প্রিয়তম প্রভুকে নয়নে বাঁধিয়া হৃদয়ে পুরিয়া লইতে লইতে নামযজ্ঞ উদ্যাপন করিলেন, সেই দিন যে দিন ভক্তবৎসল শ্রীমন্মহাপ্রভু হরিদাসের দেহ ক্রোড়ে লইয়া অদ্ভুত প্রেমে নৃত্য করিয়াছিলেন—সেই দিনে যে যে লীলা হইয়াছিল সেই সমুদয় লীলা শ্রীহরিদাসের তিরোভাব দিবসে বিশেষরূপে স্মরণীয়।

শ্রীরাধারস-সুধানিধি। আমরা কয়েকবার শ্রীবৈষ্ণব সন্দর্ভে শ্রীরাধারস সুধানিধি মুদ্রিত করিব বলিয়া বিজ্ঞাপন দিয়াছিলাম। গ্রন্থের রচয়িতার নাম লইয়া মতভেদ হওয়ায় গ্রন্থ প্রকাশ করিতে সাহসী হইলাম না। শ্রীশ্রীরাধাবল্লভ সম্প্রদায়ের গোস্বামিগণ তাঁহাদের আচার্য্য শ্রীহিত হরিবংশ রচিত বলেন এবং শ্রীশ্রীরাধারমণ সেবাধিকারি গোস্বামিগণ শ্রীপ্রবোধানন্দ সরস্বতি প্রণীত বলেন। এই গ্রন্থ শ্রীবৃন্দাবন হইতে প্রকাশিত হইলে উভয় দলের বিবাদের সম্ভাবনা দেখিয়া আমরা এই কার্য্য হইতে বিরত হইয়াছি। আমরা যে কয়েক খানি পুঁথি সংগ্রহ করিয়াছি তাহার মধ্যে কয়েক খানি পুঁথিতে শ্রীপ্রবোধানন্দের নাম এবং কয়েকখানি পুঁথিতে শ্রীহিত হরিবংশের নাম উল্লেখ আছে।

সুপ্রসিদ্ধ মথুরার ইতিহাস লেখক গ্রাউস্ সাহেব ঐ গ্রন্থ শ্রীহিত হরিবংশের রচিত বলিয়া ইতিহাসে উল্লেখ করিয়াছেন। এই গ্রন্থের ৮।১০টী টীকা পাওয়া যায়, ঐ কয়েকটী টীকাই শ্রীরাধাবল্লভ সম্প্রদায়ের গোস্বামিগণ কর্ত্তৃক লিখিত।

পরিশেষে শ্রীগোস্বামিগণ ও বৈষ্ণব মণ্ডলীর নিকট প্রার্থনা তাঁহারা এই গ্রন্থ বিষয়ে স্বস্ব মত প্রকাশ করিয়া এবিষয়ের মীমাংসা করিবেন।

নাত্মানং ন পরাংশ্চৈব ন সত্যং নাপি চানৃতম্।
প্রাজ্ঞঃ কিঞ্চ ন সম্বেত্তি তুর্য্যং তৎ সর্ব্বদৃক্ সদা॥ ৪॥
দ্বৈতস্যাগ্রহণং তুল্যমুভয়োঃ প্রাজ্ঞতুর্য্যয়োঃ।
বীজনিদ্রাযুতঃ প্রাজ্ঞঃ সা চ তুর্য্যে ন বিদ্যতে॥ ৫॥

ন প্রজ্ঞানঘনং নাপ্রজ্ঞমিত্যুক্তপ্রাজ্ঞবৈধর্ম্ম্যে মন্ত্রমাহ, নাত্মানমিতি, আত্মানং প্রাজ্ঞঃ স্বস্বরূপং ন সম্বেত্তি ন সংবেদয়েৎ, ন পরান্ ন সত্যং নাপি চানৃতং সংবেদয়েদিত্যন্বয়ঃ। জীবস্বরূপসুখকালাজ্ঞানানি বিনান্যৎ কিমপি ন সংবেদয়েদিত্যর্থঃ, তুরীয়স্তু সর্ব্বদৃক্ সর্ব্বং দর্শয়তীতি সর্ব্বদৃক্। মুক্তৌ তত্তদ্‌যোগ্যং সর্ব্বং প্রদর্শয়তীত্যর্থঃ। যদ্বা সর্ব্বং পশ্যতীত্যেব সর্ব্বদৃক্। সর্ব্বপ্রদর্শক ইতি বক্তব্যোহপ্যেবমুক্তিঃ স্বাতন্ত্র্যাভিপ্রায়েণ॥ ৪॥

শিবমদ্বৈতমিতি তুরীয়স্য যন্মিথ্যাজ্ঞাননিবর্ত্তকত্বমুক্তং তৎ প্রাজ্ঞস্যাপি সমমিতি বদংস্ততস্তুরীয়স্য বৈলক্ষণ্যান্তরমাহ, দ্বৈতস্যেতি, দ্বৈতস্য দেহগেহাদৌ স্বাতন্ত্র্যস্যাগ্রহণং গ্রহণাহেতুত্বং, দেহাদৌ স্বাতন্ত্র্যভ্রমাজনকত্বং প্রাজ্ঞতুর্য্যয়োস্তুল্যং সমং। বীজেতি, দেহগেহাদৌ স্বাতন্ত্র্যবুদ্ধিবীজভূতা মূলাবিদ্যা বীজনিদ্রা তথা যুতঃ। তদ্‌যুক্তত্বপ্রদঃ প্রাজ্ঞঃ সা চ বীজনিদ্রাপীত্যর্থঃ॥ ৫॥

নপ্রজ্ঞানঘন ও নাপ্রজ্ঞকে প্রাজ্ঞের বৈধর্ম্ম্য বলা হইয়াছে তদ্বিষয়ে মন্ত্র বলিতেছেন- যে প্রাজ্ঞ, আত্মার তৃতীয়রূপ তিনি "সুষুপ্তিকালীন জীবের স্বরূপ, অজ্ঞান ও তদুপলক্ষিত কাল" এই তিন ব্যতিরেকে স্বস্বরূপ কি পরস্বরূপ, সত্য কি মিথ্যা কিছুই জানাইতে পারেন না, পরন্তু তুরীয়াখ্য যে চতুর্থরূপ তিনি সর্ব্বদা স্বয়ং সর্ব্বদৃক্ অর্থাৎ মুক্তজীবে তত্তৎযোগ্য বস্তু সকল দেখাইয়া থাকেন॥ ৪॥

শিব (সুখরূপ) ও অদ্বৈত (অহং মমতাদি মিথ্যাজ্ঞান নিবৃর্ত্তক) এই পদদ্বয়ে তুরীয়ের যে মিথ্যাজ্ঞান নিবর্ত্তক বলা হইয়াছে, তাহা প্রাজ্ঞেও বর্ত্তমান আছে, তাহাই বলিবার নিমিত্ত অধুনা তুরীয়ের বৈলক্ষণ্য তারতম্য কহিতেছেন—

স্বপ্ননিদ্রাযুতাবাদ্যৌ প্রাজ্ঞস্ত্বস্বপ্ননিদ্রয়া।
ন নিদ্রাং নৈব চ স্বপ্নং তুর্য্যে পশ্যন্তি নিশ্চিতাঃ॥ ৬॥
অন্যথা গৃহ্নতঃ স্বপ্নো নিদ্রা তত্ত্বমজানতঃ।
বিপর্য্যাসে তয়োঃ ক্ষীণে তুরীয়ং পদমশ্নুতে॥ ৭॥

প্রকারান্তরেণ বিশ্বাদেঃ সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যে আহ, স্বপ্ননিদ্রেতি উপলক্ষণং। জাগ্রৎস্বপ্নভ্রমাভ্যাং তদ্ধেতুনিদ্রাশব্দিতাবিদ্যয়া চ যুতৌ বদ্ধৌ তদুভয়বন্ধ-নিয়ামকাবাদ্যৌ বিশ্বতৈজসৌ। প্রাজ্ঞস্তু অস্বপ্ননিদ্রয়া দ্বিবিধভ্রমবিনাকৃত-কেবলাবিদ্যয়া যুক্তস্তন্মাত্রবন্ধস্বামীত্যর্থঃ। নিশ্চিতাঃ সমঙ্নিশ্চয়বন্তঃ সন্তঃ ন নিদ্রাং নিদ্রাকৃতবন্ধস্বামিত্বং স্বপ্নং দ্বিবিধভ্রমহেতুত্বং নৈব তুর্য্যে রূপে পশ্যন্তি জানন্তীত্যর্থঃ॥ ৬॥

এবম্বিধতুরীয়রূপস্য দর্শনপ্রাপ্তী কদা ভবেতামিত্যত আহ, অন্যথেতি। অন্যথা গৃহ্নতঃ দেহগেহাদৌ ভগবদধীনে স্বাধীনতাং জানতঃ স্বপ্নো ভবতি। স্বপ্নপদেন মিথ্যাজ্ঞানরূপভ্রমপরম্পরাগ্রহঃ। তত্ত্বং ভগবতঃ স্বাতন্ত্র্যাদিরূপং

দ্বৈতের (দেহ গেহাদিতে স্বাতন্ত্র্যের) অগ্রহণ অর্থাৎ গ্রহণাহেতুত্ব (দেহাদিতে স্বাতন্ত্র্য ভ্রমের অজনকত্ব) ইহা "প্রাজ্ঞ ও তুরীয়" এই উভয়ের সমান হইলেও বৈলক্ষণ্য এই যে প্রাজ্ঞ, দেহগেহাদিতে স্বাতন্ত্র্যবুদ্ধিরূপ বীজভূত মূল অবিদ্যা-যুক্ত, কিন্তু তুরীয় সেই বীজভূতা মূল অবিদ্যা রহিত॥ ৫॥

প্রকারান্তরে বৈশ্বানরাদির সাধর্ম্ম্য ও বৈধর্ম্ম্য বলিতেছেন—বৈশ্বানর ও তৈজস এই উভয় জাগ্রৎ ও স্বপ্নের হেতু অবিদ্যাযুক্ত (বদ্ধ) অর্থাৎ তদুভয়বন্ধের নিয়ামক, কিন্তু প্রাজ্ঞ, ঐ দ্বিবিধভ্রমরহিত কেবল অবিদ্যাযুক্ত অর্থাৎ অবিদ্যা-বন্ধের স্বামী, এতাদৃশ নিশ্চয়কারি সাধুগণ, তুর্য্যরূপেতে দ্বিবিধ ভ্রমহেতুত্ব জানেন না॥ ৬॥

এবম্বিধ তুরীয়রূপের দর্শন বা প্রাপ্তি কখন হইবে এইরূপ আশঙ্কায় তদুত্তর বলিতেছেন,—যাহারা শ্রীভগবদধীন দেহগেহাদিতে স্বাধীনতা জানে তাহাদেরই স্বপ্ন অর্থাৎ মিথ্যাজ্ঞানরূপ ভ্রমপরম্পরাগ্রহ হইয়া থাকে এবং যাহারা

অনাদিমায়য়া সুপ্তো যদা জীবঃ প্রবুধ্যতে।
অজমনিদ্রমস্বপ্নমদ্বৈতং বুধ্যতে তদা ॥ ৮ ॥

তত্ত্বমজানতো নিদ্রা মূলাবিদ্যাবন্ধো ভবতি তয়োর্নিদ্রাভ্রময়োর্বিপর্য্যাসে আবর্ত্তনে ক্ষীণে সতি তুরীয়ং পদং চতুর্থরূপমশ্নুতে সাক্ষাৎকারদ্বারা প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৭ ॥

নিদ্রাভ্রময়োরাবর্ত্তনক্ষয়ঃ কেন স্যাৎ? যস্য ক্ষয়েণ ভগবদপরোক্ষধীরিত্যতো ভগবৎপ্রসাদেনৈবেত্যাহ, অনাদীতি, মায়াশব্দেন ভগবদিচ্ছা তদধীনাঽবিদ্যা চ গৃহ্যতে। অনাদীতি তত্ত্বং, অনাদের্বিষ্ণোঃ অনাদিমায়য়া সুপ্তঃ স্থাপিতঃ সংসারে নিবেশিতো জীবো যদা অনাদিমায়য়া ভগবদিচ্ছয়া ভগবৎপ্রসাদেন প্রবুধ্যতে ভগবানেব স্বতন্ত্রোঽন্যৎ সর্ব্বং তদধীনমিত্যাদিতত্ত্বজ্ঞানবান্ ভবতি। তদা অজং জননাদিদোষরহিতং অনিদ্রমস্বপ্নং বিশ্বাদিরূপত্রয়ব্যাপারাপ্রবর্ত্তকং। অদ্বৈতং মিথ্যাজ্ঞাননিবর্ত্তকং। উপলক্ষণং সর্ব্বানিষ্টং নিবর্ত্তকং ভগবন্তং বুধ্যতে সাক্ষাৎকরোতীত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীভগবানের তত্ত্ব অর্থাৎ স্বাতন্ত্র্যাদিরূপতত্ত্ব জানেন না তাহারা নিদ্রা অর্থাৎ মূল অবিদ্যা কর্ত্তৃক বদ্ধ হয়, সেই স্বপ্ন ও নিদ্রার বিপর্য্যাস (আবর্ত্তন) ক্ষীণ হইলে তুরীয়রূপ সাক্ষাৎকার দ্বারা প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭ ॥

যে নিদ্রা ও স্বপ্ন ক্ষয় প্রাপ্ত হইলে ভগবদ্ পরোক্ষ জ্ঞান হয়, সেই নিদ্রাও স্বপ্ন, কি উপায়ে নাশ হইবে এইরূপ আশঙ্কায় বলিতেছেন,—শ্রীভগবানের অনুগ্রহেই তাহাদের ক্ষয় হয়, যে হেতু শ্রীবিষ্ণুমায়া(১) কর্ত্তৃক জীব সংসারে সুপ্ত অর্থাৎ নিবেশিত (প্রবেশিত বা স্থাপিত) হইয়া থাকে, পরন্তু যে সময় সেই ভগবন্মায়া অর্থাৎ ভগবদিচ্ছাদ্বারা তাঁহারই প্রসাদে জীব, "ভগবান্ই স্বতন্ত্র অপর সমস্ত বস্তুই ভগবদাধীন" ইত্যাদিরূপ তত্ত্বজ্ঞ বিশিষ্ট হয়, তৎকালে অজ (জননাদিদোষ রহিত) অনিদ্র (অবিদ্যা কর্ত্তৃক বন্ধ বিহীন) অস্বপ্ন (মিথ্যা জ্ঞান জন্য শূন্য) অর্থাৎ বৈশ্বানরাদি রূপত্রয়-ব্যাপারের অপ্রবর্ত্তক, অদ্বৈত অর্থাৎ মিথ্যাজ্ঞান নিবর্ত্তক ও সমস্ত অনিষ্ট নিবর্ত্তক শ্রীভগবান্কে সাক্ষাৎ করিয়া থাকে ॥৮॥

(১) মায়া শব্দে ভগবদিচ্ছা ও তদধীন অবিদ্যা জানিতে হইবে।

প্রপঞ্চো যদি বিদ্যেত নিবর্ত্তেত ন সংশয়ঃ।
মায়ামাত্রমিদং দ্বৈতমদ্বৈতং পরমার্থতঃ॥ ৯॥

নন্থ দেহগেহাদৌ স্বস্বামিসম্বন্ধাদিরূপবন্ধস্য জীবস্বরূপস্যেব স্বাভাবিকত্বেন নিবৃত্ত্যযোগাদ্বিপর্য্যাসে তয়োঃ ক্ষীণঃ ইত্যুক্তিঃ কথমিত্যতো নায়ং স্বাভাবিক ইত্যাহ, প্রপঞ্চ ইতি। দেহগেহাদৌ স্বস্বামিসম্বন্ধাদিরূপো বন্ধঃ প্রপঞ্চঃ স্বাতন্ত্র্যেণ নাস্ত্যেব। যদি পরাধীনোঽপি বিদ্যেত বিদ্যত ইত্যঙ্গীক্রিয়তে তর্হ্যপি পরমার্থতঃ পরশ্চাসাবর্থশ্চ পরমার্থঃ উত্তমোঽর্থো ভগবান্। তস্মাৎ পরমার্থতঃ পরমেশ্বরপ্রসাদাদিতি যাবৎ। নিবর্ত্তেত নিবর্ত্তত এব ন সংশয়ঃ। অনাদিতোঽনুবৃত্তস্য দেহাদৌ স্বীয়ত্বজ্ঞানরূপভ্রমস্য কথং নিবৃত্তিরিত্যত আহ, মায়েত্যাদিনা। অদ্বৈতং মহদ্ভির্যথাবত্তয়া জ্ঞাতং ব্রহ্মাদিবস্তুজাতমদ্বৈতং। অজ্ঞৈর্দ্বৈতং দ্বিতীয়েন প্রকারেণ জ্ঞানং তদ্বৈপরীত্যেন জ্ঞাতং, তচ্চ মিথ্যাজ্ঞানং তেষাং মায়ামাত্রং, মায়য়া ভগবদিচ্ছয়া মাত্রং নির্ম্মিতং জাতমিত্যর্থঃ। তথা চ তাদৃশমিথ্যাজ্ঞানস্যানাদিতোঽনুবৃত্তস্যাপীশ্বরেচ্ছয়া জাতত্বেনাস্বাভাবিকত্বাত্তৎপ্রসাদেন তন্নিবৃত্তির্যুক্তেতি ভাবঃ॥ ৯॥

দেহ ও গৃহাদিতে স্বীয় স্বামিত্বরূপ বন্ধই জীবের স্বরূপ, তাহার স্বাভাবিকত্ব নিবন্ধন নিবৃত্তির অসম্ভব বশতঃ বিপর্য্যাস হইলেই নিদ্রা ও স্বপ্নের ক্ষয় হয়, এই উক্ত বাক্য কিরূপে সঙ্গত হইতে পারে, এবম্বিধ সন্দেহ নিরাসার্থ বলিতেছেন, ইহা স্বাভাবিক নয় যে হেতু প্রপঞ্চ অর্থাৎ দেহ ও গৃহাদিতে স্বীয় স্বামিত্ব সম্বন্ধাদিরূপ বন্ধ, স্বাতন্ত্র্যরূপে জীবে অবিদ্যমান, যদি বা পরাধীন বলিয়া অঙ্গীকৃত হয় তথাপি শ্রীভগবান্ হইতেই তাহা নিবৃত্তি হয়, ইহাতে কোনও সন্দেহ নাই॥ অনাদিকাল হইতে জীবের দেহাদিতে যে স্বীয়ত্ব জ্ঞানরূপ ভ্রম অনুগমন করিতেছেন, তাহার কি প্রকারে নিবৃত্তি হইতে পারে এই অশঙ্কায় বলিতেছেন,—অদ্বৈত অর্থাৎ মহদ্গণ কর্ত্তৃক যথার্থস্বরূপে জ্ঞাত যে ব্রহ্মাদি বস্তুচয়, তাঁহাকে অজ্ঞগণ দ্বৈত অর্থাৎ তদ্বৈপরীত্যরূপে জানিয়া থাকে, সেই মিথ্যা-

বিকল্পো বিনিবর্ত্তেত কল্পিতো যদি কেনচিৎ।
উপদেশাদয়ং বাদো জ্ঞাতে দ্বৈতং ন বিদ্যত ইতি ॥ ১০ ॥
ইতি দ্বিতীয়খণ্ডঃ ॥

উক্তমেব পূর্ব্ববাক্যার্থং বিশদয়ন্নুপসংহরতি, বিকল্প ইতি। দেহগেহাদৌ স্বীয়তাভিমানাদিনানাত্মকবন্ধরূপো বিকল্পঃ উক্তরীত্যাঽস্বাভাবিকো যদি কেনচিদজ্ঞানাদিনা কারণেন স্বাভাবিকত্বেন কল্পিতঃ। তর্হ্যপি উপদেশাৎ মহতামুপদেশবলান্নিবর্ত্তেত নিবর্ত্তত এব। কঃ সতাং বাদঃ ? যদুপদেশান্নানাবিধস্বাতন্ত্র্যাদিভ্রমনিবৃত্তিরিত্যত আহ, জ্ঞাতে ইতি। ব্রহ্মণি যথাবত্তয়া জ্ঞাতে সতি দ্বৈতং শিবমদ্বৈতমিত্যাত্মোক্তব্যুৎপত্ত্যা মিথ্যাজ্ঞানং ন বিদ্যতে নিবর্ত্তত ইত্যয়ং সতাং বাদ ইত্যর্থঃ। ইতি শব্দস্ত ইত্যেতে শ্লোকা ভবন্তীতি পূর্ব্বেণান্বয়ঃ। তত্ত্বনির্ণয়তট্টীকয়োরনুব্যাখ্যানস্থধয়োশ্চৈতৎ শ্লোকদ্বয়ং ভেদপঞ্চকস্য সত্যত্বানাদিত্বয়োরূপপাদনপরতয়া ব্যাখ্যাতম্ ॥ ১০ ॥

ইতি দ্বিতীয়খণ্ডঃ।

জ্ঞান, অজ্ঞগণের মায়ামাত্র অর্থাৎ ভগবদিচ্ছানুসারে নির্ম্মিত হইয়া থাকে অতএব অনাদিকাল হইতে অনুগত, জীবের তাদৃশ মিথ্যাজ্ঞান, ঈশ্বরেচ্ছায় প্রাদুর্ভূত অতএব অস্বাভাবিকত্ব নিবন্ধন ভগবৎ প্রসাদে তন্নিবৃত্তি উপযুক্তই হইয়া থাকে ॥ ৯ ॥

পূর্ব্ব কথিত বাক্যার্থ বিশদরূপে বর্ণন পূর্ব্বক উপসংহার করিতেছেন,—বিকল্প অর্থাৎ দেহাদিতে স্বীয়ত্ব অভিমানি নানাত্মক বন্ধ, যদি উক্ত রীতি অনুসারে কোনও অস্বাভবিক অজ্ঞানাদি কারণে স্বাভাবিকস্বরূপে কল্পিত হয়, তাহা হইলে মহতের উপদেশ বলে তাহা নিবৃত্তিই হয়। যে মহদ্গণের উপদেশ বাক্যে নানাবিধ স্বাতন্ত্র্যাদি ভ্রম নিবৃত্তি হয় তাঁহাদের সে উপদেশ বাক্য কি ? এই আক্ষেপে বলিতেছেন,—যথার্থরূপে ব্রহ্ম জ্ঞাত হইলে দ্বৈত অর্থাৎ মিথ্যাজ্ঞান নিবৃত্ত হয়, ইহাই মহদ্গণের বাক্য। তুরীয় রূপের সম্বন্ধে উক্ত শ্লোকচয় নির্দ্দিষ্ট হইল ॥ ১০ ॥

ইতি মাণ্ডুক্যোপনিষদের দ্বিতীয় খণ্ডের অনুবাদ সম্পূর্ণ

অথ তৃতীয় খণ্ডঃ।

সোঽয়মাত্মাধ্যক্ষরমোঙ্কারোঽধিমাত্রং পাদা
মাত্রা অকার উকারো মকার ইতি।*

এবং সমগ্রোঙ্কারপ্রতিপাদ্যস্যাত্মনো বিশ্বাদিরূপচতুষ্টয়ং নিরূপ্য তেষাং রূপাণামকারাদিপ্রণবাংশপ্রতিপাদ্যত্বাদিমাহাত্ম্যং বক্তুং উক্তমনুবদতি, সোঽয়মাত্মাধ্যক্ষরমোঙ্কার ইতি, ওমিত্যাক্রিয়মাণতয়োঙ্কারশব্দিতঃ সোঽয়ং চতুরাত্মকত্বেনোক্ত আত্মাধ্যক্ষরং, (অধি) সর্ব্বতোঽধিকঞ্চ তদক্ষরমবিনাশি চেত্যধ্যক্ষরং, শব্দস্বাভাব্যান্নপুংসকতা। কীদৃশমক্ষরমিত্যত আহ, অধিমাত্রমিতি। অধিকা মাত্রা অংশা যস্য তদক্ষরমধিমাত্রং। মাত্রাঃ কা ইত্যত আহ, পাদা মাত্রা ইতি, পদ্যন্ত ইতি পাদাঃ বিশ্বাদিরূপাণি। পাদাঃ কাঃ? ইত্যতঃ অকারাদিপ্রতিপাদ্যা বিশ্বাদয় ইত্যাহ, অকার ইতি। অ ইত্যাক্রিয়তে আহূয়তে প্রতিপাদ্যত ইত্যকারো বিশ্বঃ। এবমুক্তদিশা উকারস্তৈজসঃ, মকারঃ প্রাজ্ঞঃ, উপলক্ষণমিদং। নাদবোধ্যস্তুরীয়োঽপি নাদ ইতিশেষোক্ত্যা গ্রাহ্যঃ। অবর্ণপ্রতিপাদ্যং রূপং স্থানোক্ত্যা নির্দ্দিশতি,

উক্ত প্রকারে সমগ্র ওঙ্কার প্রতিপাদ্য আত্মার বৈশ্বানরাদি রূপ চতুষ্টয় নিরূপণ করিয়া সেই রূপাদির অকার, উকার, মকারাত্মক প্রণবাংশ প্রতিপাদ্যত্বাদি মাহাত্ম্য বর্ণন করিবার নিমিত্ত উক্ত বাক্য বিশদরূপে কহিতেছেন,— "ওম" এই পদে ক্রিয়মাণ ওঙ্কার শব্দিত সেই রূপচতুষ্টয়াত্মকত্বে কথিত আত্মা, অধ্যক্ষর অর্থাৎ সকল হইতে অধিক অক্ষর (অবিনাশী) "সেই অক্ষর কি প্রকার" এই আশঙ্কায় বলিতেছেন, অধিমাত্র অর্থাৎ সেই অক্ষর অধিক মাত্রা বিশিষ্ট অর্থাৎ অংশ বিশিষ্ট। যদি বল সেই মাত্রাই বা কি? তদুত্তরে বলিতেছেন, বৈশ্বানরাদি রূপ চতুষ্টয়ই মাত্রা অর্থাৎ অংশ। যদি বল রূপ চতুষ্টয়

* "মাত্রা মাত্রাশ্চ পাদাকার উকারো মকার ইতি" ইতি পাঠান্তরং দৃশ্যতে।

জাগরিতস্থানো বৈশ্বানরোঽকারঃ প্রথমা মাত্রা।

জাগরিতেতি। অকারঃ অ ইত্যাক্রিয়মাণঃ প্রথমা মাত্রা। সমগ্র (সমস্ত) প্রণবপ্রতিপাদ্যস্যাক্ষর (নাম্নঃ আত্মনঃপ্র) স্য প্রথমোঽংশ ইত্যর্থঃ। অত্র জাগরিতস্থানঃ প্রথমমাত্রা বৈশ্বানর ইত্যনূদ্য অকার ইত্যবর্ণপ্রতিপাদ্যত্বং বিধীয়ত ইতি ন পৌনরুক্ত্যমিতি বোধ্যং। এবমগ্রেঽপি। বৈশ্বানরস্যাবর্ণবাচ্যত্বে নিমিত্তদ্বয়মাহ, আপ্তেরাদিমত্ত্বাদ্বেতি, তত্তজ্জীবযোগ্যভোগ্যবিষয়ান্ ভোগান্ আপয়তি প্রাপয়তি বিশ্ব ইত্য ইত্যুচ্যতে বিশ্ব ইত্যর্থঃ। "আপ্ঌ ব্যাপ্তৌ" অন্তর্নীতণ্যর্থাড্ডপ্রত্যয়ে অ ইতি রূপমিতি ভাবঃ। প্রাজ্ঞ-

কে? ইহার উত্তর এই যে, সেই বৈশ্বানরাদি রূপ চতুষ্টয়, অকারাদি প্রতিপাদ্য অর্থাৎ "অ" এই বর্ণের প্রতিপন্ন অকারই বৈশ্বানর, "উ" এই বর্ণে প্রতিপন্ন উকারই তৈজস, এবং "ম" এই বর্ণে প্রতিপন্ন মকারই প্রাজ্ঞ। ইহা উপলক্ষণ* মাত্র অতএব "যিনি তুরীয় অর্থাৎ চতুর্থ রূপ তিনি নাদবোধ্য" ইহা বক্ষ্যমাণ বাক্যে গ্রহণ করিতে হইবে। অবর্ণ প্রতিপাদ্য রূপ অর্থাৎ বৈশ্বানরের অবস্থান-স্থানকথন পূর্ব্বক তাঁহার নির্দ্দেশ করিতেছেন,—সমগ্র প্রণব প্রতিপাদ্য অক্ষর নামক আত্মার প্রথম অংশ এই বৈশ্বানর, "অ" এই বর্ণে ক্রিয়মাণ অকার বাচ্য ও জাগরিত স্থান (চক্ষুঃস্থান) অর্থাৎ দক্ষিণ নয়নের অগ্রভাগে ইনি অবস্থান করেন। বৈশ্বানরের অবর্ণ বাচ্যত্বে নিমিত্তদ্বয় কহিতেছেন,—প্রথম কারণ যথা—বৈশ্বানর, জীবগণের যোগ্য ভোগ্য বিষয় ভোগ প্রাপক বিধায় অ(১) অর্থাৎ অকারে বাচ্য। দ্বিতীয় কারণ যথা—"আদি

* লক্ষণা দ্বারা অধিক বোধক শব্দ, অনুমান—এক বিষয় বলিয়া তদ্দ্বারা তাৎপর্য্য বশতঃ তৎসংক্রান্ত বা তৎসদৃশ অন্য বিষয়েরও আনুষঙ্গিক বোধন।

(১) বৈশ্বানরের অবর্ণ বাচ্যত্ব বিষয়ে দুইটি কারণ নির্দ্দিষ্ট হইয়াছে, তন্মধ্যে প্রথম কারণ "আপ্তে" অর্থাৎ জীবনিকরের যোগ্য ভোগ্য ভোগের প্রাপক "অ" অর্থাৎ অন্তর্গত ণ্যর্থ আপধাতু "ড" প্রত্যয়ে অ এই পদ সিদ্ধ হইয়াছে।

আপ্তেরাদিমত্ত্বাদ্বা আপ্নোতি হ বৈ সর্ব্বান্
কামনাদিশ্চ ভবতি য এবং বেদ ॥ ১ ॥

তৈজসশ্চাদৌ অস্যেতি আদিমান্ তস্মাদ্বা অ ইত্যুচ্যত ইত্যর্থঃ। সুষুপ্তৌ স্বপ্নে চ প্রাজ্ঞতৈজসাভ্যামেকীভূতো বিশ্বঃ সুপ্তেরুত্থানে প্রাজ্ঞাৎ স্বপ্নাদুত্থানে তৈজসাদ্বিবিক্তঃ (বিভক্তঃ) সন্ দক্ষিণাক্ষিস্থানমায়াতীতি তয়োরাদিতয়া বিশ্বস্য তদাদিত্বমিতি ভাবঃ। এতন্নিমিত্তদ্বয়যুক্তত্বেনাবর্ণবাচ্যত্বং বিশ্বস্য জানতঃ ফলমাহ, আপ্নোতি হবা ইতি। যোঽধিকারী এবমকারত্বং (এবমকারবাচ্যত্বং) বিশ্বস্য বেদ, অস্যেতি শেষঃ, অস্য বেদিতুঃ স বিশ্বঃ সর্ব্বান্ স্বযোগ্যান্ সর্ব্বান্ কামান্ কাম্যমানানাপ্নোতি প্রাপয়তি, অন্তর্ণীতণিচ্। আদিশ্চ বিশ্ব এবং বেদিতুরাদিশ্চ ভবতি। আবির্ভূতস্বরূপতয়া মুক্তরূপেণ তত উৎপদ্যতে তজ্জ্ঞানীতি তস্যায়মাদিঃ কারণং ভবতীত্যর্থঃ। যদ্বা আদিশ্চেত্যত্রৈবাস্যেতি শেষঃ। আপ্নোতীত্যত্র তু সজ্জ্ঞানীতি শেষো ধ্যেয়ঃ ॥ ১ ॥

মত্ত্বাৎ” অর্থাৎ প্রাজ্ঞ ও তৈজসের আদিতে নির্দ্দিষ্ট হেতু অ (অকার বাচ্য) এবং সুষুপ্তাবস্থায় প্রাজ্ঞের সহিত ও স্বপ্নাবস্থায় তৈজসের সহিত একীভূত বৈশ্বানর, সুষুপ্ত হইতে উত্থান বিষয়ে প্রাজ্ঞ হইতে বিভক্ত ও স্বপ্ন হইতে উত্থান বিষয়ে তৈজস হইতে বিভক্ত হইয়া দক্ষিণাক্ষির অগ্রভাগে স্বীয় অবস্থানের স্থান প্রাপ্ত হয়েন অতএব প্রাজ্ঞ ও তৈজসের আদি নিবন্ধন বৈশ্বানরের আদিত্ব সিদ্ধ হইয়াছে। যে অধিকারী উক্ত নিমিত্তদ্বয়যুক্ত বশতঃ বৈশ্বানরকেই যদি অবর্ণ বাচ্যত্ব বলিয়া জ্ঞাত হয়েন, তবে বৈশ্বানর ভগবান্ তাঁহার (সেই অধিকারি সাধকের) স্বযোগ্য কাম্যমান বিষয় সমূহের প্রাপকও আদি কারণ হয়েন ॥ ১ ॥

স্বপ্নস্থানস্তৈজস উকারো দ্বিতীয়ামাত্রা উৎকর্ষাদুভয়ত্বাদ্বা। উৎকর্ষতি হ বৈ জ্ঞানসন্ততিং

কো দ্বিতীয়ঃ পাদঃ য উকার ইত্যুক্ত ইত্যত আহ, স্বপ্নস্থান ইতি। স্বপ্নস্থানো দ্বিতীয়ামাত্রা আত্মনো দ্বিতীয়োঽংশঃ তৈজস উকারঃ উ. ইত্যাক্রিয়মাণত্বাদুকার ইত্যুক্তঃ। উবর্ণবাচ্যত্বে নিমিত্তদ্বয়মাহ, উৎকর্ষাদুভয়ত্বাদ্বেতি, জাগ্রদ্দশায়াং বিদ্যমানদেহাভিমানাদুত্থাপ্য দেহাভিমানং ত্যাজয়িত্বা স্বপ্নমণ্ডলে জীবং কর্ষতীত্যুৎকর্ষণাদ্ধেতোর্ব্বা বাহ্যাজ্ঞপ্তিরূপনিদ্রাং বাসনাময়বিষয়ানুভবঞ্চ প্রযচ্ছতীত্যুভয়ত্বাৎ উভয়হেতুত্বাদ্বা নিমিত্তাৎ। উ ইত্যুচ্যতে তৈজস ইত্যর্থঃ। তথা বেদিতুঃ ফলমাহ, উৎকর্ষতি হ বা ইতি। যোঽধিকারী এবং নিমিত্তদ্বয়যুক্তত্বয়োকারবাচ্যতৈজসং বেদ স জ্ঞানী জ্ঞানসন্ততিং জ্ঞানধারাং জ্ঞাননিত্যমিতি যাবৎ আপ্নোতীত্যনুষঙ্গঃ। উৎকর্ষতি দেহবন্ধাদাত্মানং উৎকর্ষতি উদ্ধরতি। উৎকৃষ্য চ সমানশ্চ,

---

আত্মার দ্বিতীয়রূপের বিবরণ বলিতেছেন,—আত্মার দ্বিতীয় মাত্রা (অংশ) তৈজস ইনি "উ" এইবর্ণে ক্রিয়মাণত্ব নিবন্ধন উকারবাচ্য ও স্বপ্নস্থান অর্থাৎ কণ্ঠদেশস্থ। উহার উবর্ণ বাচ্যত্বে কারণদ্বয় নির্ণীত হইয়াছে, তন্মধ্যে প্রথম কারণ যথা,—উৎকর্ষ বশতঃ অর্থাৎ জাগ্রদ্দশায় জীবকে বিদ্যমান দেহাভিমান হইতে উত্থাপিত করিয়া দেহাভিমান পরিত্যাগ করাইয়া স্বপ্নমণ্ডলে উৎকর্ষণ করেন বলিয়া সেই তৈজস উবর্ণ বাচ্য। এবং দ্বিতীয় কারণ যথা,—উভয়ত্ব নিবন্ধন অর্থাৎ বাহ্য বস্তুর অজ্ঞান রূপ নিদ্রা ও বাসনাময় বিষয়ানুভব প্রদান করেন বিধায় ঐ তৈজস নামা পুরুষ "উ" এই বর্ণে কথিত হইয়াছেন যে অধিকারী ঐ তৈজসকে উক্তকারণ দ্বয় সম্বলিত প্রযুক্ত উকার-বাচ্য বলিয়া জানিতে পারেন, সেই জ্ঞানী, জ্ঞানসন্ততি অর্থাৎ জ্ঞানধারা (জ্ঞান নিত্য) প্রাপ্ত হয়েন ও দেহবন্ধন হইতে স্বীয় আত্মাকে উদ্ধার করিয়া থাকেন অতএব তিনি দোষভাব ও স্নেহ

সমানশ্চ ভবতি নাস্যাব্রহ্মবিৎকুলে ভবতি
য এবং বেদ ॥ ২ ॥
সুষুপ্তস্থানঃ প্রাজ্ঞো মকারস্তৃতীয়ামাত্রা মিতেরপীতের্ব্বা।
মিনোতি হ বা ইদং সর্ব্বমপীতিশ্চ ভবতি
য এবং বেদ ॥ ৩ ॥

"মানমন্তর্গতিঃ স্মৃতে"ত্যুক্তেঃ মানসহিতঃ সমানঃ সর্ব্বমোক্ষিণাং অন্তর্গতস্তন্মধ্যস্থো ভবতীত্যর্থঃ, দোষাভাবাৎ স্নেহাচ্চেতি ভাবঃ। অস্য জ্ঞানিনঃ কুলে অব্রহ্মবিন্ন ভবতি ব্রহ্মজ্ঞানিসন্ততিরেব ভবতীত্যর্থঃ॥ ২ ॥

কস্তৃতীয়ঃ পাদঃ কথমস্য মকারত্বং, কিঞ্চ তজ্জ্ঞানিনঃ ফলমিত্যতস্তৎ-সর্ব্বং ক্রমাদাহ, সুষুপ্তস্থান ইতি। সুষুপ্তস্থানস্তৃতীয়ামাত্রা আত্মনস্তৃতীয়োংশঃ প্রাজ্ঞঃ মকারঃ ম ইত্যাক্রিয়মাণঃ। কুতঃ? মিতেরপীতের্ব্বা। স্বাত্মনি জীবমন্তর্গময়তীতি স্বান্তর্গমনহেতোর্ব্বা বৃত্তিজ্ঞানস্যাপীতেরপ্যয়শব্দিতলয়-কারণাদ্বা ম ইত্যাক্রিয়ত ইত্যর্থঃ। যোঽধিকারী এবং নিমিত্তদ্বয়যুক্তত্বেন মকারবাচ্যং প্রাজ্ঞং বেদ। স জ্ঞানী ইদং সর্ব্বং যথাযোগ্যং জগন্মিনোতি স্বান্তর্গময়তি জীবানামণুত্বেঽপ্যধিকারিণঃ সূর্য্যাদেরিব প্রকাশতো ব্যাপ্তি-

---

প্রযুক্ত সর্ব্ববিধ মোক্ষিগণের অন্তর্গত অর্থাৎ মধ্যস্থ হয়েন। এবং তাঁহার কুলে কখনও অব্রহ্মবেত্তা আবির্ভাব হয় না পরন্তু ব্রহ্মজ্ঞানী সন্ততিই জন্মিয়া থাকে॥ ২ ॥

আত্মার তৃতীয় রূপ কি? ও কি প্রকারে ঐ রূপের মকারত্ব নিষ্পন্ন হয়? তাহাই বলিতেছেন,—আত্মার তৃতীয় অংশ প্রাজ্ঞ, ম এইবর্ণে ক্রিয়মাণ নিবন্ধন মকারবাচ্য ও সুষুপ্ত স্থান অর্থাৎ হৃৎকর্ণিকাগ্রস্থ, যেহেতু স্বীয় আত্মাতে জীবকে অন্তর্গত করিয়া থাকেন। এবং তিনি বৃত্যাদি জ্ঞানের অপ্যয়-শব্দিত লয় কারণও হয়েন। যে অধিকারী ঐ কারণদ্বয়যুক্ত মকারবাচ্য প্রাজ্ঞকে জানিতে পারেন সে অধিকারী জ্ঞানী, এই সকল জগৎ যথাযোগ্য-

তত্রৈতে শ্লোকা ভবন্তি,—

বিশ্বস্যাত্ববিবক্ষায়ামাদিসামান্যমুৎকটম্ ।

মাত্রাসম্প্রতিপত্তৌ স্যাদাপ্তিসামান্যমেব চ ॥ ৪ ॥

রস্তীতি তন্মধ্যেঽন্তর্গময়তি মুক্তঃ সন্নিতি ভাবঃ। অপীতিশ্চ ভবতি, অপ্যয়কৃচ্চ ভবতি দুঃখাদ্যনিষ্টস্যেত্যর্থঃ ॥ ৩ ॥

এবং রূপত্রয়ং প্রণবগতাকারাদিবর্ণত্রয়প্রতিপাদ্যমুক্ত্বা চতুর্থং রূপমমাত্র-শ্চতুর্থ ইত্যাদিনাগ্রে বিবক্ষুঃ প্রাগুক্তরূপত্রয়জ্ঞানিনো যানি ফলান্যুক্তানি তত্র ব্রহ্মদৃষ্টশ্লোকান্ প্রমাণয়তি, তত্রৈত ইতি, তত্র রূপত্রয়জ্ঞানিফলে এতে বক্ষ্যমাণশ্লোকাঃ সম্বাদিনো ভবন্তি, ক্রমেণ তান্ মন্ত্রান্ পঠতি, বিশ্বস্যেতি। অত্ববিবক্ষায়ামিতি, বিবক্ষাপদেনোপাসনং গ্রাহ্যং। আদি-মত্ত্বাদিত্যত্রোক্তদিশা আদিমত্ত্বনিমিত্তেন প্রণবৈকদেশাকারবাচ্যত্বোপাসনায়াং সত্যামুপাসকস্যাদিসামান্যং আদিশ্চেত্যত্রোক্তদিশা আদিমত্ত্বসামান্যং আদিমত্ত্বেন বিশ্বসাম্যং ভবতি। উৎকটং স্পষ্টমেতৎ। তং যথাযথোপাসতে তদেব ভবতীত্যাদেরিতি ভাবঃ। মাত্রাসংপ্রতিপত্তৌ আত্মনোঽংশো বিশ্বঃ।

রূপে স্বীয়ান্তর্গত করাইতে সমর্থ এবং দুঃখাদি অনিষ্টচয়ের নাশকারী হইয়া থাকেন॥ ৩ ॥

এইরূপে আত্মার রূপত্রয়কে অর্থাৎ বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞকে "অকার, উকার, ও মকার" এই বর্ণত্রয়ের প্রতিপাদ্য যথাক্রমে বর্ণন করিয়া প্রাগুক্ত রূপত্রয়ের বেত্তা জ্ঞানিগণের ফল সমূহ কথিত হইয়াছে, অতএব সেই বিষয়ে প্রমাণ স্বরূপ ব্রহ্মকথিত শ্লোকচয় কহিতেছেন, শ্লোকার্থ এই যে আত্মার প্রথমাংশ বৈশ্বানরের আদিমত্ব হেতু অর্থাৎ প্রাজ্ঞ ও তৈজসের আদি নির্দ্দিষ্ট নিবন্ধন প্রণবৈকদেশ অকার বাচ্যত্ব উপাসনা হইলে তদুপাসক আদিমত্ত্ব নিবন্ধন বৈশ্বানর সাম্য হয়েন ইহা স্পষ্টই প্রসিদ্ধ আছে যে, তাঁহাকে যেমন যেমন উপাসনা করা যায় তদ্রূপই হইয়া থাকে। এবং মাত্রার সম্যক্ প্রতিপত্তি বিষয়ে আত্মার প্রথমাংশ বৈশ্বানর, আপ্তি নিমিত্ত অর্থাৎ জীবগণের যোগ্য ভোগ্য বিষয়ভোগ প্রাপকত্ব নিবন্ধন প্রণবাংশ অকারবাচ্যত্বে নির্দ্দিষ্ট

তৈজসস্যোত্ববিজ্ঞানে উৎকর্ষো দৃশ্যতে স্ফুটম্।
মাত্রাসম্প্রতিপত্তৌ স্যাদুভয়ত্বং তথাবিধম্॥ ৫॥
মকারভাবে প্রাজ্ঞস্য মানসামান্যমুৎকটম্।
মাত্রাসম্প্রতিপত্তৌ তু লয়সামান্যমেব চ॥ ৬॥

আপ্তিনিমিত্তেন প্রণবাংশাকারার্থ ইতি বিশ্ব রূপাংশধ্যানে ধ্যাতুরাপ্তিসামান্যমেব স্যাৎ। সর্ব্বকামাবাপ্ত্যা চ বিশ্বসাম্যমেব ভবেৎ ইত্যর্থঃ॥ ৪॥

তৈজসস্যোত্ববিজ্ঞানে প্রাগুক্তরীত্যোৎকর্ষনিমিত্তেন প্রণবৈকদেশোকারবাচ্যত্বোপাসনায়াং তস্যোপাসকস্যোৎকর্ষতীত্যত্রোক্তদিশা স্ফুটমুৎকর্ষো দৃশ্যতে প্রমাণপ্রমিত ইত্যর্থঃ। মাত্রাসংপ্রতিপত্তৌ প্রাগুক্তদিশোভয়হেতুত্বনিমিত্তেন প্রণবাংশোকারবাচ্যত্বেনাত্মাংশতৈজসধ্যানে তস্য ধ্যাতুঃ তথাবিধং প্রাগুক্তং জ্ঞানসন্ততিরূপং সমানত্বঞ্চেত্যুভয়ত্বং স্যাদিত্যর্থঃ॥ ৫॥

প্রাজ্ঞস্য মকারভাবে মকারত্বে প্রাগুক্তমিতিরূপনিমিত্তেন প্রণবৈকদেশমবর্ণবাচ্যত্বে বিজ্ঞাতে সতি মানসামান্যং সর্ব্বান্তর্ভাবরূপমানেন প্রাজ্ঞসাম্য-

---

হয়েন, এই বৈশ্বানরের ধ্যানে ধ্যাতা (উপাসক) আপ্তি সামান্যই হয় অর্থাৎ সর্ব্বকাম প্রাপ্তিদ্বারা বৈশ্বানর সাম্যই হইয়া থাকেন॥ ৪॥

আত্মার দ্বিতীয়াংশতৈজসের উত্ববিজ্ঞান হইলে উৎকর্ষনিবন্ধন অর্থাৎ জাগ্রদ্দশায় জীবকে বিদ্যমান দেহাভিমান হইতে উত্থাপিত করিয়া দেহাভিমান পরিত্যাগ করাইয়া স্বপ্নমণ্ডলে উৎকর্ষণ করেন বিধায়, ঐ তৈজসের প্রণবৈক দেশ উকারবাচ্যত্ব উপাসনায় উপাসকের উৎকর্ষ, পরিস্ফুটরূপে দেখা যায় এবং মাত্রার সম্যক্ প্রতিপত্তিবিষয়ে উভয়ত্ব হেতু অর্থাৎ সেই তৈজসে বাহ্যবস্তুর অজ্ঞানরূপ নিদ্রা ও বাসনাময় বিষয়ানুভব করেন এই নিমিত্ত, প্রণবাংশ উকারবাচ্যত্বে আত্মাংশতৈজসের ধ্যানে, ধ্যানকর্ত্তার জ্ঞানসন্ততি অর্থাৎ প্রাগুক্ত ও জ্ঞানধারা রূপ সমানত্ব এই উভয়ত্ব হইয়া থাকে॥ ৫॥

আত্মার তৃতীয়াংশ প্রাজ্ঞের মকারত্বে প্রাগুক্তমিতিরূপ নিমিত্তে অর্থাৎ প্রাজ্ঞ স্বীয় আত্মাতে জীবকে অন্তর্গত করান বিধায়, প্রণবাংশ মকারবাচ্যত্ব বিজ্ঞাত হইলে মান সামান্য অর্থাৎ সর্ব্বান্তর্ভাব রূপমানদ্বারা প্রাজ্ঞসাম্য হয়,

ত্রিষু ধামসু যত্তুল্যং সামান্যং বেত্তি নিশ্চিতম্।
স পূজ্যঃ সর্ব্বভাবানাং বন্দ্যশ্চৈব মহামুনিঃ ॥ ৭ ॥

মুৎকটং স্ফুটমিত্যর্থঃ। মাত্রাসংপ্রতিপত্তৌ বাহ্যাদিজ্ঞানলয়কর্ত্তৃনিমিত্তেন প্রণবাংশমকারবাচ্যত্বেনাত্মাংশপ্রাজ্ঞধ্যানে তু ধ্যাতুর্লয়সামান্যং দুঃখাদিলয়-কর্ত্তৃত্বেন প্রাজ্ঞসাম্যমেব চ স্যাদিত্যর্থঃ॥ ৬॥

বিশ্বাদিরূপাণামত্বোত্বমকারভাবজ্ঞানিনো যদাদিসামান্যাদিফলমুক্তং তদ্দার্ঢ্যায় বিশ্বাদেরত্বাদিজ্ঞানিন আদিসামান্যাদিকং ফলমিতি যো জানাতি তস্যাপ্যস্তি ফলমিত্যাহ, ত্রিষ্বিতি, ত্রিষু ধামসু ত্রিষু রূপেষু উক্তবিধয়া ধ্যাতেষু সৎসু ধ্যাতুঃ পুরুষস্য যত্তুল্যং ধ্যেয়বিশ্বাদি সাদৃশ্যং (সদৃশং) আদিমত্বাদিসামান্যং ভবতীতি (তদ্ভবতীতি) নিশ্চিতং যথা তথা বেত্তি স বেদিতা মহামুনিঃ সর্ব্বভূতানাং পূজ্যো বন্দ্যশ্চৈব ভবতীত্যর্থঃ॥ ৭॥

ইহা স্পষ্টই নির্দ্ধারিত হইয়াছে। এবং মাত্রার সম্যক্ প্রতিপত্তি হইলে বাহ্যাদি-জ্ঞান-লয়কারিত্ব নিবন্ধন, প্রণবাংশ মকারবাচ্যত্বে আত্মাংশ প্রাজ্ঞধ্যানে, ধ্যাতার লয়সামান্য অর্থাৎ দুঃখাদি অপচয় কারিত্বরূপে প্রাজ্ঞ সাম্যই হইয়া থাকে॥ ৬॥

উক্তবাক্য দৃঢ়তার নিমিত্ত কহিতেছে বৈশ্বানরের প্রণবাংশ অত্ব, তৈজসের উত্ব, ও প্রাজ্ঞের মত্ব ইহা যাহারা জানেন এতাদৃশ জ্ঞানিগণের যে ফল কথিত হইয়াছে তাহা যিনি জানেন তাহারও উত্তম ফল হইয়া থাকে যেহেতু উক্ত বৈশ্বানরাদিরূপ যদি কথিত প্রণালিকা অনুসারে ধ্যাত হন তাহা হইলে ধ্যান-কারী পুরুষের তুল্য যে ধ্যেয় বৈশ্বানরাদি সাদৃশ্য, তাহা আদিমত্বাদি সামান্য হয় ইহা নিশ্চয়রূপে যিনি জানেন সেই জ্ঞানী মহামুনি সর্ব্বভূতের পূজ্য ও বন্দনীয় হয়েন॥ ৭॥

অকারো নয়তে বিশ্বমুকারশ্চাপি তৈজসম্।

বিশ্বাদিরূপোপাসকানাং সর্ব্বকামাবাপ্ত্যাদিফলমুক্তং প্রাক্, ইদানীং বিশ্বাদিপ্রাপ্তিরূপফলং চাহ, অকার ইতি, অ ইত্যাক্রিয়মাণো বিশ্বঃ স্বাত্মোপাসকং বিশ্বং স্বাত্মানং নয়তে প্রাপয়তি উকারশ্চাপি তৈজসমিত্যাদৌ নয়ত ইত্যনুকর্ষঃ। প্রাগ্বদ্ব্যাখ্যা। পুনঃ প্রাজ্ঞমিতি পুনঃ শব্দঃ প্রত্যহং সুপ্তৌ প্রাপ্তিসত্ত্বেঽপি স্থানবিশেষে মুক্তৌ তৎপ্রাপ্ত্যভিপ্রায়েণেতি জ্ঞেয়ং। তুরীয়োপাসকস্য কথমিত্যতস্তস্যাপি তৎপ্রাপ্তিরস্তীত্যাহ, নামাত্র ইতি, অমাত্রেঽনংশে বিশ্বতৈজসয়োঃ প্রাজ্ঞেন প্রতিদিনং একীভাবো বিভাগশ্চাস্তীতি মাত্রাত্বং, তুরীয়স্য তু তন্নেত্যমাত্র ইত্যুচ্যতে তুরীয়ঃ, অমাত্রে চতুর্থে অগতিঃ তৎপ্রাপ্ত্যভাবঃ তদুপাসকস্য ন বিদ্যতে, বিদ্যতে এবগতি-রিত্যর্থঃ। তুরীয়েঽস্তি গতিরিতি বক্তব্যে অগতির্ন বিদ্যত ইত্যুক্তিঃ বিশ্বাদে-

বৈশ্বানর, তৈজস, ও প্রাজ্ঞ এই রূপত্রয়ের উপাসকদিগের সর্ব্বকাম প্রাপ্তিফল পূর্ব্বে কথিত হইয়াছে অধুনা বৈশ্বানরাদির প্রাপ্তিরূপফল কহিতেছেন "অ" এই বর্ণে ক্রিয়মাণ বৈশ্বানর, স্বীয়াত্ম উপাসকের প্রতি স্বীয়াত্মা প্রাপক হইয়া থাকেন এইরূপ "উ" এই বর্ণে ক্রিয়মাণ তৈজস, স্বীয়াত্ম উপাসকের প্রতি স্বাত্ম প্রাপক হয়েন; ও 'ম' এই বর্ণের প্রতি-পাদ্য প্রাজ্ঞ, স্বাত্মোপাসকের প্রতি স্বীয়াত্মা প্রাপক হয়েন। যদি বল তুরীয়োপাসকের কি প্রকার প্রাপ্তি হয় এই আশঙ্কায় কহিতেছেন তাহার তৎপ্রাপ্তি হয় বটে কিন্তু যেমন প্রাজ্ঞের সহিত বৈশ্বানর ও তৈজসের প্রতিদিন একীভাব ও বিভাগ থাকে বিধায় তাহারা মাত্রাত্বরূপে পরিগণিত হয়েন পরন্তু চতুর্থরূপ তদ্রূপ নহেন, তিনি অমাত্রা অর্থাৎ অংশ রহিত অতএব অমাত্রা চতুর্থরূপে অগতি অর্থাৎ তৎপ্রাপ্তি অভাব তদুপাসকের হয় না পরন্তু

সকলস্যৈশ্চ পুনঃ প্রাজ্ঞং নামাত্রে বিদ্যতে গতিরিতি ॥ ৮ ॥

ইতি তৃতীয়খণ্ডঃ ॥ ৩ ॥

রিব বাহ্যাদিব্যবহারকারণত্বং ন বিদ্যতে যথা তথা গম্যত্বমপি নেতিশঙ্কায়াং তন্নিরাসার্থমিতি জ্ঞেয়ং ॥ ৮ ॥

ইতি তৃতীয়খণ্ডঃ ॥ ৩ ॥

গতিই হইয়া থাকে, তবে বিশেষ এই যে বৈশ্বানরাদির ন্যায় ইহার বাহ্যাদি ব্যবহার কারণত্ব থাকে না এবং যথা তথা গম্য ও থাকে না ইহাই জানিতে হইবে ॥ ৮ ॥

ইতি তৃতীয় খণ্ডের অনুবাদ সমাপ্ত।

—:o:—

অথ চতুর্থখণ্ডঃ।

অমাত্রশ্চতুর্থোঽব্যবহার্য্যঃ প্রপঞ্চোপশমঃ শিবোঽদ্বৈত
ওঁকার আত্মৈব সংবিশত্যাত্মনাত্মানং য এবং বেদ ॥ ১ ॥

নান্তঃপ্রজ্ঞমিত্যাদিনোক্ততুরীয়গুণানুবাদপূর্ব্বং তুরীয়স্য নাদপ্রতিপাদ্যত্ব-মাহ, অমাত্র ইতি, অমাত্রোঽব্যবহার্য্যঃ প্রপঞ্চোপশমঃ শিবোঽদ্বৈতশ্চতুর্থ ইত্যনুবাদঃ। ওঁকারঃ প্রণবৈকদেশনাদপ্রতিপাদ্য ইতিনাদপ্রতিপাদ্যত্বং বিধেয়ং। অমাত্র ইত্যাদিপদানাং প্রাগুক্তরীত্যার্থো ধ্যেয়ঃ। অদৃষ্টমব্যব-হার্য্য ইত্যাদিনা প্রাগুক্তস্যাব্যবহার্য্যত্বাদেঃ পুনরত্রানুবাদোঽব্যবহার্য্যত্বাদিক-রূপাসকেঽপি সমং মুক্তাবপীতি দর্শয়িতুমিতি জ্ঞেয়ং। নাদপ্রতিপাদ্যত্বেন তুরীয়োপাসকস্য ফলমাহ, আত্মেতি, যোঽধিকারী এবমমাত্রত্বাব্যবহার্য্যত্বাদিনা ওঁকারমোঙ্কারৈকদেশনাদপ্রতিপাদ্যং বেদ জানাতি, স আত্মৈব শুদ্ধাত্মৈব সন্ দেহগেহাদাবস্তত্র মমতাদ্যভিমানত্যাগী ভূত্বেতি যাবৎ। আত্মনা পরমা-ত্মনা তৎপ্রসাদেনেতি যাবৎ। আত্মানং নাদবোধ্যং তুরীয়াত্মানং সংবিশতি প্রবিশতি। প্রবিশ্য চ বহিরন্তঃ স্বেচ্ছয়া স্বযোগ্যভোগান্ ভুঞ্জানঃ সুখমাস্ত ইতি ভাবঃ॥ ১ ॥

তুরীয়রূপের গুণানুবাদ দ্বিতীয়খণ্ডে প্রথম মন্ত্রে বর্ণন করিয়া সেই তুরীয়; যে নাদ প্রতিপাদ্যত্ব তাহাই বলিতেছেন—অমাত্র অর্থাৎ অকার উকার ও মকারাত্মক মাত্রা বিহীন, অব্যবহার্য্য (অগ্রাহ্য) (১) প্রপঞ্চোপশম অর্থাৎ দেহ সম্বন্ধাদি অনিষ্ট নিবর্ত্তক, শিব অর্থাৎ নিদুঃখ সুখ স্বরূপ, এবং অদ্বৈত (অহং মমতাদি মিথ্যাজ্ঞান নিবর্ত্তক) আত্মার এই চতুর্থরূপ ওঙ্কার অর্থাৎ প্রণবৈকদেশস্থ নাদ (বিন্দু) প্রতিপাদ্য। নাদ প্রতিপাদ্য বিবন্ধন তুরীয়ো-পাসকের প্রাপ্য ফল কহিতেছেন যে, অধিকারী অমাত্রত্ব ইত্যাদি উক্ত প্রকারে ওঙ্কারৈকদেশস্থ নাদ প্রতিপাদ্যকে জানিতে পারে সে আত্মা শুদ্ধ

(১) মুক্তি ব্যতিরেকে তাঁহার রূপবিষয়ক গ্রহণ ও ব্যবহার অভাব নিবন্ধন অগ্রাহ্য।

অনুরাগবল্লী।

দেহার্ব্বুদানি ভগবন্! যুগপৎ প্রযচ্ছ
বক্ত্রার্ব্বুদানি চ পুনঃ প্রতিদেহমেব।
জিহ্বার্ব্বুদানি কৃপয়া প্রতিবক্ত্রমেব
নৃত্যন্তু তেষু তব নাথ! গুণার্ব্বুদানি ॥ ১ ॥

